



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

অভ্যন্তরীণ সংগ্রহ শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৮৫.০৩০.০৮.২১৪

তারিখ: ২৬ আশ্বিন ১৪২৯

১১ অক্টোবর ২০২২

বিষয়: অভ্যন্তরীণ সংগ্রহ মৌসুমে চাল ক্রয় ও ধান ছাঁটাইয়ে জামানত গ্রহণপূর্বক চুক্তিসম্পাদন নিশ্চিতকরণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ এর ১০(খ) উপঅনুচ্ছেদে মিলারের অনুকূলে বিভাজিত চালের সংগ্রহ মূল্যের ২% জামানত এবং ন্যূনতম ১ কিসি পরিমাণ চাল বস্তাবন্দীর জন্য (প্রতি বস্তায় ৩০/৫০ কেজি হারে) প্রয়োজনীয় সংখ্যক খালি বস্তার সরকারি মূল্যের ১০০% জামানত বাবদ আলাদা দুটি পে-অর্ডার/ব্যাংক ড্রাফট গ্রহণ করে চুক্তি সম্পাদনপূর্বক মিলারের অনুকূলে চালের বরাদ্দপত্র ইস্যু এবং ২১ নং অনুচ্ছেদে সংগৃহীত ধান ছাঁটাইয়ের ক্ষেত্রে জেলা খাদ্য নিয়ন্ত্রক সর্বোচ্চ পার্কিং ছাঁটাইক্ষমতার সমপরিমাণ ধানের সংগ্রহ মূল্যের ১১০% কোন তফসিলী ব্যাংকের ড্রাফট/পে-অর্ডার আকারে জামানত গ্রহণ করে মিলারের সাথে অনুমোদিত পরিমাণ ধান ছাঁটাই চুক্তি সম্পাদন করবেন মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছে। গভীরভাবে লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু কিছু স্থাপনায় মিলারদের সাথে ধান ছাঁটাই কার্যক্রমে জামানত ছাড়া চুক্তি এবং ছাঁটাইকৃত ধানের সমুদয় চাল প্রাপ্তির পূর্বেই জামানত বিমুক্ত করা হচ্ছে যা গুরুতর অনিয়ম এবং শাস্তিযোগ্য অপরাধ।

এমতাবস্থায়, প্রতিটি বোরো ও আমন সংগ্রহ মৌসুমে চাল ক্রয় ও ধান ছাঁটাইয়ের ক্ষেত্রে অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ মোতাবেক জামানত গ্রহণপূর্বক চুক্তি সম্পাদন করার জন্য পুনরায় অনুরোধ করা হলো। একইসংগে স্ব স্ব অধিক্ষেত্রে অভ্যন্তরীণ বোরো ও আমন সংগ্রহের চাল ও ধান ছাঁটাইয়ের চুক্তি সম্পাদনে জামানত গ্রহণ না করা কিংবা ছাঁটাইকৃত ধানের সমুদয় চাল প্রাপ্তির পূর্বেই জামানত বিমুক্ত করা হয়েছে কিনা তা যাচাই করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যও অনুরোধ করা হলো।

এতে মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের অনুমোদন রয়েছে।

বিষয়টি জরুরি বিবেচ্য।

১১-১০-২০২২

মোঃ রায়হানুল করীর  
পরিচালক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল)

ফোন: +৮৮-০২-৮১০৫০১৭৮

ফ্যাক্স: +৮৮-০২-৯৫৫৬০৬৭

ইমেইল: dproc@dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৮৫.০৩০.০৮.২১৪/১(১২)

তারিখ: ২৬ আশ্বিন ১৪২৯

১১ অক্টোবর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২) পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর, ঢাকা।

- ৩) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। মাননীয় খাদ্যমন্ত্রীর সদয় অবগতির জন্য।
- ৪) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৫) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৬) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।



১১-১০-২০২২

মোঃ রায়হানুল করীম  
পরিচালক